বাফুফে সভাপতির বিবৃতি – মার্চ ২০১৯

শুভেচ্ছা!

অ-১৬ মেয়েদের সামনে বিশ্বকাপ খেলার সুযোগ

আসন্ন এএফসি অ-১৬ নারী চ্যাম্পিয়নশিপের টিকেট নিশ্চিত করেছে বাংলাদেশের মেয়েরা। টুর্নামেন্টটি আগামী সেপ্টেম্বরের ১৫ থেকে ২৮ তারিখে থাইল্যান্ডে অনুষ্ঠিত হবে।

গত ২৭ ফেব্রুয়ারি থেকে ৩ মার্চ মিয়ানমারে অনুষ্ঠিত টুর্নামেন্টটির বাছাইপর্বের খেলায় ফিলিপাইনকে ১০-০ গোলে এবং স্বাগতিক মায়ানমারকে ১-০ গোলে হারিয়ে এই মূল পর্বে অংশগ্রহন নিশ্চিত করে বাংলাদেশ অ-১৬ নারী দল।

মেয়েদের সামনে এখন ২০২০ সালে অনুষ্ঠিতব্য ফিফা অ-১৭ নারী বিশ্বকাপে অংশগ্রহণ করার দারুণ সুযোগ রয়েছে। তবে তার জন্য এএফসি অ-১৬ চ্যাম্পিয়নশীপ অনেক গুরুত্বপূর্ণ কেননা তা এশিয়া জোনের ওয়ার্ল্ড কাপ কোয়ালিফায়ার হিসেবেও বিবেচিত হবে। টুর্নামেন্টের সেরা তিনটি দল ফ্রান্স অথবা ভারতে অনুষ্ঠিতব্য আসন্ন এই বিশ্বকাপে খেলবে।

এএফসি চ্যাম্পিয়নশিপে অংশগ্রহনকারী আটটি দল হল উত্তর কোরিয়া, দক্ষিন কোরিয়া, জাপান, অস্ট্রেলিয়া, ভিয়েতনাম, চীন, বাংলাদেশ এবং স্বাগতিক থাইল্যান্ড। আগামী বছর বিশ্বকাপে খেলতে হলে বাংলাদেশের মেয়েদেরকে এএফসি টুর্নামেন্টে অন্তত তৃতীয় স্থান অর্জন করতে হবে।

মেয়েরা কোচ গোলাম রাব্বানী ছোটন এবং স্ট্র্যাটেজিক পরিচালক পল স্মলির তত্ত্বধানে কঠোর অনুশীলন করেছে। এই পরিশ্রমের ফল আমরা তাদের সাম্প্রতিক পারফর্মেন্সে দেখতে পাচ্ছি।

আশা করি মেয়েদের জন্য এশিয়ার সেরা দলগুলোর বিপক্ষে জয় ছিনিয়ে আনা কঠিন হলেও অসম্ভব হবে না। গোটা দেশ তাদের দিকে তাকিয়ে থাকবে এবং আমি আশাবাদী যে তারা বিশ্বমঞ্চে দেশের পতাকা তুলে ধরতে সক্ষম হবে।

এএফসি বাছাইপর্বে অ-২৩ ছেলেদের সাফল্য

বাংলাদেশ অ-২৩ জাতীয় দল গত ২২ থেকে ২৬ মার্চ বাহরাইনে অনুষ্ঠিত এএফসি চ্যাম্পিয়নশিপ ২০২০-এর বাছাইপর্বে দারুণ সাফল্য দেখিয়েছে।

দলটি বাছাইপর্বে গ্রুপ বি-তে তাদের তৃতীয় ও সর্বশেষ খেলায় শ্রীলঙ্কাকে ২-০ গোলে হারিয়ে এই প্রতিযোগিতায় প্রথমবারের মত জয়ের আনন্দে ভাসে।

এছাড়াও তারা প্রথম দুই ম্যাচে ফিলিস্তিন ও স্বাগতিক বাহরাইনের বিপক্ষে দাপটের সঙ্গে লড়ে গেছে পুরো ম্যাচে। ছোট ব্যবধানে হার স্বীকার করতে হলেও ছেলেদের পারফর্মেন্স ছিল চোখে পড়ার মতো।

দলটির উন্নতির প্রকৃত চিত্র বোঝা যায় মূলত ফিফা র‍্যাংকিং এ বাহরাইন এবং ফিলিস্তিনের অবস্থানের দিকে তাকালে। ফিলিস্তিন বাংলাদেশ থেকে ৯২ ধাপ এবং বাহরাইন ৮১ ধাপ ওপরে অবস্থান করছে।

বাংলাদেশ দল শুধুমাত্র তাদের নিজস্ব সমর্থকদের কাছ থেকেই বাহবা কুড়ায়নি। বরং প্রতিদ্বন্দ্বী দলগুলোর কোচেরাও ছেলেদের অকৃপণ প্রশংসা করেছেন।

যদিও আমরা এএফসি চ্যাম্পিয়নশিপের মূল পর্বে জায়গা করে নিতে পারিনি, তবুও এই দলটির এমন ফুটবল দেখার পর এটা নিঃসন্দেহে বলা চলে যে দেশের ফুটবল সঠিক পথেই এগিয়ে যাচ্ছে।

আন্তর্জাতিক প্রীতি ম্যাচে কম্বোডিয়াকে ১-০ গোলে হারাল বাংলাদেশ

গত ৯ মার্চ কম্বোডিয়াকে তাদের মাটিতে ১-০ গোলে পরাজিত করে বাংলাদেশ।

তরুণ রবিউল হাসানের একমাত্র গোলে বিদেশের মাটিতে অনেকদিন পর জয় পেল পুরুষ জাতীয় দল।

এত তরুণ একটি দল নিয়ে কম্বোডিয়া গিয়ে তাদের মাঠে পুরো খেলার নিয়ন্ত্রণ রেখে জয় তুলে নেয়া সত্যি প্রশংসাযোগ্য।

ছেলেরা সবকিছু দিয়ে চেষ্টা করেছে জেমি এবং তার সহযোগীদের পরিকল্পনাগুলো মাঠে কাজে লাগানোর। তাই প্রশংসা আসলে খেলোয়াড় থেকে কোচিং স্টাফ - সকলেরই প্রাপ্য।

আমি আশাবাদী যে বাংলাদেশ ফুটবলের একটি উজ্জ্বল ভবিষ্যতের এটি সবেমাত্র শুরু।

সেমিতে সমাপ্ত হলো জাতীয় নারী দলের সাফ চ্যাম্পিয়নশিপ

বাংলাদেশ জাতীয় নারী দল গত ১২ থেকে ২২ মার্চ নেপালে অনুষ্ঠিত সাফ নারী চ্যাম্পিয়নশিপের সেমিফাইনাল পর্যন্ত পৌঁছে তাদের যাত্রা শেষ করেছিল।

গ্রুপ এ-তে প্রথম ম্যাচে ভুটানকে ২-০ গোলে হারিয়ে টুর্নামেন্টে নিজেদের শুভসূচনা করে। লাল-সবুজ পতাকাবাহী মেয়েরা দ্বিতীয় ম্যাচে স্বাগতিক নেপালের কাছে হেরে যাওয়ায় গ্রুপ থেকে রানার্স আপ হিসেবে সেমিতে উঠে।

দলের সিংহভাগ খেলোয়াড়ই অনূর্ধ্ব ১৮ হওয়ায় সেমিতে অভিজ্ঞতা এবং শারীরিক সক্ষমতায় যথেষ্ট এগিয়ে থাকা প্রবল প্রতিপক্ষ ভারতের বিপক্ষে হেরে যায়।

তবে মেয়েরা নেপাল এবং ভারতের বিপক্ষে যেভাবে প্রায় সমানে সমানে লড়েছে তাতে এটা বলাই যায় যে বয়সভিত্তিক দলের মতো মেয়েদের জাতীয় দলের জন্যেও সামনে সুদিন অপেক্ষা করছে।

মেয়েরা এখন'এলিট উইমেন্স রেসিডেন্সি ক্যাম্প এ ফিরে আগামী ২২ এপ্রিল থেকে ৩ মে পর্যন্ত বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিতব্য বঙ্গমাতা অ-১৯ আন্তর্জাতিক গোল্ডকাপ – ২০১৯ এর জন্য অনুশীলন শুরু করেছে।

ডিএমএফএলসি দ্বিতীয় বিভাগ ফুটবল লীগ শুরু

ঢাকা মহানগরী ফুটবল লীগ কমিটির আয়োজনে এবং বাংলাদেশ ফুটবল ফেডারেশনের তত্ত্বাবধানে গত ২৪ মার্চ শুরু হয়েছে দ্বিতীয় বিভাগ ফুটবল লীগ। টঙ্গী ক্রীড়া চক্র এবং গৌরিপুর স্পোর্টিং ক্লাবের মধ্যকার উদ্বোধনী ম্যাচের মাধ্যমে টুর্নামেন্টটি মাঠে গড়ায়।

বীরশ্রেষ্ঠ শহীদ সিপাহী মোহাম্মদ মোস্তফা কামাল স্টেডিয়ামে অনুষ্ঠিত উদ্বোধনী ম্যাচটিতে টঙ্গী ক্রীড়া চক্র গৌরীপুর স্পোর্টিং ক্লাবকে ২-০ গোলে পরাজিত করে ।

টুর্নামেন্টে এ মৌসুমে মোট ১৩টি দল অংশগ্রহন করেছে। প্রতিটি দল ইতোমধ্যেই বাফুফে থেকে অংশগ্রহন বাবদ অর্থ পেয়েছে। মৌসুমের শেষে সেরা দুই দলকে চ্যাম্পিয়ন এবং রানার্স আপ ট্রফি প্রদান করা হবে। এছাড়াও সেরা তিনটি দলকে ডিএমএফএলসি সিনিয়র ডিভিশন ফুটবল লিগে উন্নীত করা হবে। অন্যদিকে সর্বনিম্ন পয়েন্ট অর্জনকারী দলকে পাঠিয়ে দেয়া হবে তৃতীয় বিভাগে।

কাতারে ১০ দিনব্যাপী ক্যাম্পে অ-২৩ দল

সম্প্রতি বাহরাইনে অনুষ্ঠিত এএফসি অ-২৩ চ্যাম্পিয়নশিপ ২০২০ কে সামনে রেখে অ-২৩ দলকে প্রস্তুত করার লক্ষ্যে দলটির জন্য কাতারে ১০ দিন ব্যাপী একটি প্রশিক্ষন ক্যাম্পের আয়োজন করা হয়।

সেখানে নিয়মিত অনুশীলনের পাশাপাশি ছেলেরা কাতারের দুটি প্রথম সারির ক্লাবের সাথে অনুশীলন ম্যাচ খেলে এবং এক ম্যাচে জয়লাভ ও আরেক ম্যাচে ড্র করে ছেলেরা তাদের আত্মবিশ্বাসকে ঝালিয়ে নেয়।

এই কার্যক্রমে প্রধান কোচ জেমি ডে এর তত্ত্বাবধানে মোট ২৩ জন ফুটবলার কঠোর অনুশীলন করে। সহকারী কোচ স্টুয়ার্ট পল উইটকিস, গোলকিপিং কোচ ডিন কেনেথ মে এবং ফিজিওথেরাপিস্ট সিমন জেমস মল্টবিসহ বাকি সদস্যগণ প্রধান কোচের নির্দেশনামতো ছেলেদেরকে এএফসি বাছাইপর্বের জন্য পরিপূর্ণভাবে প্রস্তুত করার জন্য সদা সচেষ্ট ছিলেন। তাদের এই প্রচেষ্টার দারুণ প্রতিফলন আমরা বাহরাইনে ছেলেদের অসাধারণ পারফর্মেন্সের মাধ্যমে দেখতে পেয়েছি।

এই ক্যাম্প শুধুমাত্র এএফসি বাছাইপর্বের জন্যই ছেলেদেরকে তৈরি করেনি। সেই সাথে তাদেরকে স্টেইট অফ দ্য আর্ট প্রশিক্ষণ গ্রহণের সুযোগ করে দিয়েছে যা তাদের অভিজ্ঞতাকে সমৃদ্ধ করবে এবং তাদেরকে সার্বিকভাবে পরিপূর্ণ ফুটবলার হওয়ার ক্ষেত্রে সাহায্য করবে।

আগামী দিনগুলোতেও ছেলেদেরকে এমন প্রশিক্ষণের ব্যবস্থা করবে বাফুফে।

বঙ্গমাতা অ-১৯ নারী আন্তর্জাতিক গোল্ড কাপ

প্রথমবারের মত বাফুফে আয়োজন করতে যাচ্ছে বঙ্গমাতা আন্তর্জাতিক গোল্ড কাপ। আগামী ২২ এপ্রিল থেকে ৩ মে পর্যন্ত ঢাকার বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে টুর্নামেন্টটি অনুষ্ঠিত হবে।

বাংলাদেশসহ মোট ছয়টি দল এই টুর্নামেন্টে অংশগ্রহন করবে।

গত ১২ মার্চ এক অনুষ্ঠানে দলগুলোর নাম, ড্র এর মাধ্যমে তাদের গ্রুপ নির্ধারণ এবং টুর্নামেন্টের লোগো উন্মোচন করা হয়।

ড্র অনুসারে, মঙ্গোলিয়া, তাজিকিস্তান এবং লাওস গ্রুপ এ – তে খেলবে। অন্যদিকে সংযুক্ত আরব আমিরাত এবং কিরগিজিস্তানকে সঙ্গে নিয়ে গ্রুপ বি – তে আছে বাংলাদেশ।

শুরু হতে যাচ্ছে বাফুফে-এএফসি কোচিং কোর্স

বাফুফের আয়োজনে শুরু হতে যাওয়া বিভিন্ন পর্যায়ের এএফসি কোচিং কোর্সের নিবন্ধন চলছে।

২৭ এপ্রিল থেকে শুরু হয়ে বিভিন্ন পর্যায়ের কোর্সগুলো বছরের বিভিন্ন সময়ে চলবে।

এপ্রিলের ২৭ তারিখ থেকে মে মাসের ২ তারিখ পর্যন্ত চলবে লেভেল ওয়ান গোলকিপিং কোচিং সার্টিফিকেট কোর্স।

কোর্স এবং নিবন্ধন সম্পর্কে বিস্তারিত জানতে আগ্রহী প্রার্থীরা বাফুফের ওয়েবসাইট

(http://www.bff.com.bd) ভিজিট করতে পারেন অথবা সরাসরি ঢাকার মতিঝিলে অবস্থিত বাফুফে ভবনে যোগাযোগ করতে পারেন।

এএফসি কোচিং কনভেনশন কর্তৃক উদ্ভাবিত নতুন পদ্ধতি এবং প্রক্রিয়া অনুসরণ করে কোর্সগুলো সাজানো হয়েছে। এই কোর্সগুলোর মাধ্যমে ফুটবল উন্নয়নের জন্য দক্ষ কোচ তৈরির প্রক্রিয়া অব্যাহত রাখবে বাফুফে।

রোহিঙ্গা শিশুদের জন্য বাফুফে এবং এএফসির উদ্যোগ

সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে এএফসি ও বাফুফের উদ্যোগে আগামী জুনে রোহিঙ্গা শিশুদের জন্য পুনরায় ফুটবল প্রশিক্ষণ ও প্রতিযোগিতা আয়োজন করা হবে।

ইতিপূর্বে গত বছরের ৫ থেকে ১০ ডিসেম্বর কোচেস অ্যাক্রস কন্টিনেন্টস (সিএসি) ও ইউএনএইচসিআর-এর সহযোগিতায় কক্সবাজারে এই আয়োজনের প্রথম পর্ব অনুষ্ঠিত হয়েছিল।

প্রথম পর্বের ফলাফল নিরীক্ষা ও দ্বিতীয় পর্বের পরিকল্পনা করার লক্ষ্যে গত ২৩ মার্চ ঢাকায় আসেন এএফসি কর্মকর্তা ব্রায়ান সাস্কেভিক্স। আশা করি প্রথমবারের মতো এবারও সফলভাবে এই আয়োজন সম্পন্ন করব আমরা।